পাঠ ৬.৫ ত্রিকোণমিতিক সমীকরণের ধারণা ও সংজ্ঞা

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- ত্রিকোণমিতিক সমীকরণের সংজ্ঞা বলতে পারবেন,
- ত্রিকোণমিতিক সমীকরণ সম্পর্কে বিস্তারিত বর্ণনা করতে পারবেন।

মুখ্য শব্দ	ত্রিকোণমিতিক অনুপাত, ত্রিকোণমিতিক সমীকরণ, সমাধান

মূলপাঠ

এক বা একাধিক ত্রিকোণমিতিক অনুপাত সমন্বিত সমীকরণকে ত্রিকোণমিতিক সমীকরণ বলে। একটি ত্রিকোণমিতিক সমীকরণের সাথে সংশ্লিষ্ট অজানা কোণের বা কোণ সমূহের কয়েকটি নির্দিষ্ট মান দ্বারা সমীকরণটি সিদ্ধ হবে। সুতরাং যেসমস্ত কোণ দ্বারা ত্রিকোণমিতিক সমীকরণ সিদ্ধ হয় তাদের মান নির্ণয় করাই ত্রিকোণমিতিক সমীকরণের সাধারণ সমাধান।

কোন ত্রিকোণমিতিক অনুপাতের মান নির্দিষ্ট থাকলে অনুপাতের সঙ্গেসংশ্লিষ্ট কোণের অসংখ্য মান পাওয়া যায়।

$\sin\theta = \frac{1}{\sqrt{2}}$ হলে θএর ক্ষুদ্রতম ধনাত্মক মান 45°। সম্পুরক কোণের sine সমান বলে sin135°=sin45°। আবার 45° ও 135° কোণের সাথে যে সমস্ত কোণের পার্থক্য 360° অথবা 360° কোণের গুণিতক তাদের sine এবং 45° কোণের sine সমান অর্থাৎ $\sin\theta = \frac{1}{\sqrt{2}}$। সুতরাং এই সমীকরণের সমাধান θ=45°, 135°, 405°, 495°, 765°, – 225°, –315°, – 675°, ...ইত্যাদি। অন্য কোনো ত্রিকোণমিতিক অনুপাত দ্বারা গঠিত সমীকরণ হতে একইভাবে দেখান যায়, সমীকরণের অজানা কোণের জন্য অসংখ্য মান পাওয়া যায়।এখন ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান, অর্থাৎ অজানা কোণের জন্য প্রাপ্ত সমস্ত মান একটি রাশির সাহায্যে কিভাবে প্রকাশ করা যায় তা নিম্নে আলোচনা করে দেখানো হলো।

$\sin\theta$= 0সমীকরণের সাধারণ সমাধান

যেহেতু,$\sin\theta$=0;∴ সংজ্ঞানুসারে$\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{ব্যাসার্ধভেক্টর}}$ = 0.



সুতরাং একটি কোণের সাইন অনুপাত শূন্য হলে লম্বের দূরত্ব শূন্য হবে। ইহা তখনই সম্ভব যখন কোণ উৎপন্নকারী ঘূর্ণায়মান রেখাটি ঘুরে এসে আদি অবস্থানের রেখাটির সাথে মিলিত হয়। ঘূর্ণায়মান রেখা আদি অবস্থানের রেখার সাথে পুনরায় মিলিত হবে, যদি তা আদি অবস্থানের রেখার সাথে0, $\pm\pi$, $\pm2\pi$, $\pm3\pi$, $\pm4\pi$;ইত্যাদি কোণ উৎপন্ন করে এবং তখন কোণগুলোর জন্য সাইন অনুপাতের মান শূন্য হবে।

∴ $\theta = 0, \pm\pi, \pm2\pi, \pm3\pi, \pm4\pi$;ইত্যাদি।

যদিnএর মান শূন্য, অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক) হয়, তবে $n\pi$রাশির সাহায্যে উপরে প্রাপ্ত সমস্ত কোণ, অর্থাৎ সমীকরণের সাধারণ সমাধান প্রকাশ করা যায়।

∴ $\sin\theta$= 0হলে,$\theta = n\pi$,যখনnএর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।

$\cos\theta$ = 0সমীকরণের সমাধান

যেহেতু,$\cos\theta$ =0,∴সংজ্ঞানুসারে,$\cos\theta = \frac{\text{ভূমি}}{\text{ব্যাসার্ধ ভেক্টর}}$ =0.

সুতরাং, একটি কোণের কোসাইন অনুপাত শূন্য হলে ভূমির দূরত্ব শূন্য হবে। ইহা তখনই সম্ভব যখন কোণ উৎপন্নকারী ঘূর্ণায়মান রেখাটি ঘুরে এসে আদি অবস্থানের রেখার উপর লম্ব হয়।

ঘূর্ণায়মান রেখা আদি অবস্থানের রেখার উপর লম্ব হবে, যদি তা আদি অবস্থানের রেখার সাথে $\pm\frac{\pi}{2}, \pm 3\frac{\pi}{2}, \pm 5\frac{\pi}{2}$, ...ইত্যাদি কোণ উৎপন্ন করে এবং তখন কোণগুলোর জন্য কোসাইন অনুপাতের মান শূন্য হয়।

$\therefore\ \theta = \pm\frac{\pi}{2}, \pm 3\frac{\pi}{2}, \pm 5\frac{\pi}{2}$, ...

যদি kএর মান বিজোড় এবং অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক) হয়, তবে $k\,.\,\frac{\pi}{2}$রাশির সাহায্যে উপরে প্রাপ্ত সমস্ত কোণ, অর্থাৎ সমীকরণের সাধারণ সমাধান প্রকাশ করা যায়।

$\therefore \cos\theta = 0$ হলে $\theta = k\,.\,\frac{\pi}{2}$

বা, $\theta = (2n+1)\frac{\pi}{2}$, যখন$n$এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।

$\tan\theta = 0$ও$\cot\theta = 0$সমীকরণের সমাধান

যেহেতু, $\tan\theta = 0$অতএব, $\frac{\sin\theta}{\cos\theta} = 0$ অর্থাৎ$\sin\theta = 0$বা $\theta = n\pi$

সুতরাং $\tan\theta = 0$হলে $\theta = n\pi$,যখনnএর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)

আবার, $\cot\theta = 0$অর্থাৎ,$\frac{\cos\theta}{\sin\theta} = 0$অর্থাৎ$\cos\theta = 0$

$\therefore\quad \theta = (2n+1)\frac{\pi}{2}$

দ্রষ্টব্যঃ $\operatorname{cosec}\theta$ও$\sec\theta$এর মান কখনও 1অপেক্ষা ক্ষুদ্রতর বা –1অপেক্ষা বৃহত্তর হতে পারে না। ফলে তাদের মান কখনও শূন্য হতে পারে না।

উদাহরণ1:সমাধান করুন,$\sin3\theta + \sin5\theta + \sin7\theta + \sin9\theta = 0$

সমাধানঃ $\sin3\theta + \sin5\theta + \sin7\theta + \sin9\theta = 0$বা, $(\sin9\theta + \sin3\theta) + (\sin7\theta + \sin5\theta) = 0$

বা,$2\sin6\theta\cos3\theta + 2\sin6\theta\cos\theta = 0$বা,$2\sin6\theta(\cos3\theta + \cos\theta) = 0$

বা,$2\sin6\theta\,.\,2\cos2\theta\cos\theta = 0$বা,$4\sin6\theta\cos2\theta\cos\theta = 0$

$\therefore\ \sin6\theta = 0$ বা, $6\theta = n\pi$বা, $\theta = \frac{n\pi}{6}$

$\cos2\theta = 0$বা, $2\theta = (2n+1)\frac{\pi}{2}$ বা, $\theta = (2n+1)\frac{\pi}{4}$

এবং $\cos\theta = \theta$ $\therefore \theta = n\pi$.

যখন nএর মান শূন্য অথবা যে কোন অখন্ড ধনাত্মক বা ঋণাত্মক সংখ্যা।

উদাহরণ 2:সমাধান করুন,$\sin5\theta\cos\theta = \sin6\theta\cos2\theta$

সমাধানঃ $\sin5\theta\cos\theta = \sin6\theta\cos2\theta$বা,$2\sin5\theta\cos\theta = 2\sin6\theta\cos2\theta$

বা,$\sin6\theta + \sin4\theta = \sin8\theta + \sin4\theta$ বা,$\sin8\theta - \sin6\theta = 0$

বা,$2\cos7\theta\sin\theta = 0$

হয় $\cos7\theta = 0$ $\therefore\ 7\theta = (2n+1)\frac{\pi}{2}$ $\therefore\ \theta = (2n+1)\frac{\pi}{14}$

অথবা, $\sin\theta = 0$ $\therefore\ \theta = n\pi$

যখন nএর মান শূন্য অথবা যে কোন অখন্ড ধনাত্মক বা ঋণাত্মক সংখ্যা।

উদাহরণ 3: সমাধান করুন, $\tan x+\tan 2x+\tan 3x = \tan x \tan 2x \tan 3x$

সমাধান: $\tan x + \tan 2x + \tan 3x = \tan x \tan 2x \tan 3x$.

বা, $\tan x + \tan 2x = -\tan 3x + \tan x\tan 2x\tan 3x$

বা, $\tan x + \tan 2x = -\tan 3x\,(1-\tan x\tan 2x)$ বা, $\dfrac{\tan x + \tan 2x}{1-\tan x\tan 2x} = -\tan 3x$

বা, $\tan(x + 2x) = -\tan 3x$ বা, $\tan 3x = -\tan 3x$

বা, $2\tan 3x = 0$ বা, $\tan 3x = 0$

$\therefore\ 3x = n\pi \ \Rightarrow x = \dfrac{n\pi}{3}$

যখন nএর মান শূন্য অথবা যে কোন অখন্ড ধনাত্মক বা ঋণাত্মক সংখ্যা।

সারসংক্ষেপ

- এক বা একাধিক ত্রিকোণমিতিক অনুপাত সমন্বিত সমীকরণই ত্রিকোণমিতিক সমীকরণ।
- $\sin\theta = 0$হলে, $\theta = n\pi$, যখন nএর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।
- $\cos\theta = 0$ হলে, $\theta = (2n+1)\dfrac{\pi}{2}$, যখন nএর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।
- $\tan\theta = 0$হলে $\theta = n\pi$, যখন nএর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।

পাঠোত্তর মূল্যায়ন ৬.৫

সমাধান করুন:

1. $\cos 3\theta = \cos 2\theta$
2. $\sin m\theta + \sin n\theta = 0$
3. $\cos 9x \cos 7x = \cos 5x \cos 3x$

পাঠ ৬.৬ $\sin\theta = r$, $\cos\theta = r$, $\tan\theta = r$ সমীকরণের সমাধান

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- $\sin\theta = r$, $\cos\theta = r$, $\tan\theta = r$ সমীকরণের সমাধান করতে পারবেন,
- অপ্রাসঙ্গিক মূল চিহ্নিত করতে পারবেন।

মুখ্য শব্দ	অপ্রাসঙ্গিক মূল

মূলপাঠ

সাইন (sine)-এর অনুপাতের একটি নির্দিষ্ট মানের জন্য প্রাপ্ত সমস্ত কোণকে একটি সাধারণ রাশির সাহায্যে প্রকাশ

মনে করুন, αএকটি ক্ষুদ্রতম ধনাত্মক কোণ যার সাইন(sine)-এর মানr (r-এর মান1অপেক্ষা বৃহত্তর হবে না)। আবার মনে করুন, θযে কোনো একটি কোণ যারsine-এর মানওrঅর্থাৎ, $\sin\theta = r$.

অতএব, $\sin\theta = r = \sin\alpha$

অথবা, $\sin\theta = \sin\alpha$বা, $\sin\theta - \sin\alpha = 0$

বা,$2\cos\frac{\theta+\alpha}{2}\sin\frac{\theta-\alpha}{2} = 0$

হয়,$\sin\frac{\theta-\alpha}{2} = 0$ বা,$\frac{\theta-\alpha}{2} = m\pi$

বা,$\theta - \alpha = 2m\pi$বা, $\theta = 2m\pi + \alpha$

বা,$\theta = 2m\pi + (-1)^{2m}\alpha$----------(1)

অথবা,$\cos\frac{\theta+\alpha}{2} = 0$ বা, $\frac{\theta+\alpha}{2} = (2m+1)\frac{\pi}{2}$

বা,$\theta + \alpha = (2m+1)\pi$বা, $\theta = (2m+1)\pi - \alpha$

বা,$\theta = (2m+1)\pi + (-1)^{2m+1}\alpha$---------- (2)

(1)নং ও(2)নং সমীকরণ একত্রিত করে পাওয়া যায়,$\theta = n\pi + (-1)^n\alpha$

n-এর মান শূন্য অথবা ধনাত্মক ও ঋণাত্মক যে কোন জোড় অথবা বিজোড় পূর্ণ সংখ্যা হতে পারে।

যদি $\operatorname{cosec}\theta = \operatorname{cosec}\alpha$হয় তবে$\sin\theta = \sin\alpha$

$\therefore \theta = n\pi + (-1)^n\alpha$,যেখানে$n$-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।

কোসাইন(cosine)-এর অনুপাতের একটি নির্দিষ্ট মানের জন্য প্রাপ্ত সমস্ত কোণকে সাধারণ রাশির সাহায্যে প্রকাশ

মনে করুন,αএকটি ক্ষুদ্রতম ধনাত্মক কোণ যার কোসাইন(cosine)-এর মানr (r-এর সংখ্যামান1অপেক্ষা বৃহত্তর হবে না)। আবার ধরুনθযে কোনো একটি কোণ যারcosine-এর মানrঅর্থাৎ$\cos\theta = r$

অতএব,$\cos\theta = r = \cos\alpha$অর্থাৎ$\cos\theta = \cos\alpha$

বা,$\cos\alpha - \cos\theta = 0$ বা,$2\sin\frac{\theta+\alpha}{2}\sin\frac{\theta-\alpha}{2} = 0$

হয়,$\sin\frac{\theta+\alpha}{2} = 0$ অতএব, $\frac{\theta+\alpha}{2} = m\pi$

বা, $\theta + \alpha = 2m\pi$

$\therefore \theta = 2m\pi - \alpha$---------- (1)

অথবা,$\sin\frac{\theta-\alpha}{2} = 0$অতএব,$\frac{\theta-\alpha}{2} = m\pi$

বা, $\theta - \alpha = 2m\pi$

$\therefore \theta = 2m\pi + \alpha$---------- (2)

(1)ও (2)নং সমীকরণ একত্রিত করে পাওয়া যায়$\theta = 2n\pi \pm \alpha$

যেখানে,n-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)

$\sec\theta = \sec\alpha$হলে,$\cos\theta = \cos\alpha$,

সুতরাং $\theta = 2n\pi \pm \alpha$, যেখানে$n$-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।

টেনজেন্ট(Tangent)-এর একটি নির্দিষ্ট মানের জন্য প্রাপ্ত সমস্ত কোণকে একটি সাধারণ রাশির সাহায্যে প্রকাশ

মনে করুন,α একটি ক্ষুদ্রতম ধনাত্মক কোণ যার ট্যানজেন্ট(tangent)-এর মানr-এর সমান। আবার ধরুনθযে কোনো একটি কোণ যার ট্যানজেন্ট-এর মানওrঅর্থাৎ$\tan\theta = r$.

অতএব,$\tan\theta = r = \tan\alpha$ অর্থাৎ$\tan\theta - \tan\alpha = 0$

বা,$\frac{\sin\theta}{\cos\theta} - \frac{\sin\alpha}{\cos\alpha} = 0$ বা,$\frac{\sin\theta\cos\alpha - \cos\theta\sin\alpha}{\cos\theta\cos\alpha} = 0$

বা,$\frac{\sin(\theta-\alpha)}{\cos\theta\cos\alpha} = 0$বা, $\sec\theta\sec\alpha\sin(\theta-\alpha) = 0$

কিন্তু $\sec\theta$বা,$\sec\alpha$কখনও শূন্য হতে পারে না।

অতএব,$\sin(\theta-\alpha) = 0$অতএব, $\theta - \alpha = n\pi$বা,$\theta = n\pi + \alpha$

যেখানেn-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।
যদি$\cot\theta = \cot\alpha$হয় তবে$\tan\theta = \tan\alpha$
$\therefore\ \theta = n\pi + \alpha$, যেখানে$n$-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা(ধনাত্মক বা ঋণাত্মক)।

উদাহরণ 1:সমাধান করুন,$\operatorname{cosec}\theta\cot\theta = 2\sqrt{3}$

সমাধান: $\operatorname{cosec}\theta\cot\theta = 2\sqrt{3}$ বা,$\frac{1}{\sin\theta}\cdot\frac{\cos\theta}{\sin\theta} = 2\sqrt{3}$

বা,$\cos\theta = 2\sqrt{3}\sin^2\theta = 2\sqrt{3}(1-\cos^2\theta)$

বা, $2\sqrt{3}\cos^2\theta + \cos\theta - 2\sqrt{3} = 0$বা, $(\sqrt{3}\cos\theta + 2)(2\cos\theta - \sqrt{3}) = 0$

কিন্তু$\sqrt{3}\cos\theta + 2 \neq 0$,কারণ$\cos\theta$এর সংখ্যাসূচক মান$-1$অপেক্ষা ক্ষুদ্রতম হতে পারে না।

$\therefore\ 2\cos\theta - \sqrt{3} = 0.$

$\therefore\ \cos\theta = \frac{\sqrt{3}}{2} = \cos\frac{\pi}{6} \Rightarrow \theta = 2n\pi \pm \frac{\pi}{6}$

উদাহরণ 2:সমাধান করুন,$\sin^2 2\theta - 3\cos^2\theta = 0$

সমাধান:$\sin^2 2\theta - 3\cos^2\theta = 0$বা, $(2\sin\theta\cos\theta)^2 - 3\cos^2\theta = 0$

বা, $4\sin^2\theta\cos^2\theta - 3\cos^2\theta = 0$বা, $\cos^2\theta(4\sin^2\theta - 3) = 0$

হয়, $\cos^2\theta = 0 \therefore\ \cos\theta = 0$

$\therefore \theta = (2n+1)\frac{\pi}{2}$

নাহয়,$4\sin^2\theta - 3 = 0$বা,$4\sin^2\theta = 3$বা,$\sin^2\theta = \frac{3}{4}$

বা,$\sin\theta = \pm\frac{\sqrt{3}}{2} = \pm\sin\frac{\pi}{3}$ বা,$\sin\theta = \sin\left(\pm\frac{\pi}{3}\right)$

$\therefore\ \theta = n\pi + (-1)^n\frac{\pi}{3}$

অর্থাৎ$\theta = n\pi \pm \frac{\pi}{3}$

অপ্রাসঙ্গিক মূল (Extraneous roots):

ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান একাধিক পদ্ধতিতে করা যায়। সমাধানের পদ্ধতিগুলো ভিন্ন হলেও প্রকৃতপক্ষে সমাধানগুলো থেকে অভিন্ন কোণসমূহ পাওয়া যায়। কিন্তু কোনো কোনো ক্ষেত্রে ত্রুটিপূর্ণ পদ্ধতির জন্য সমাধানের সাথে এমন কতকগুলো মূল পাওয়া যায় যেগুলো প্রদত্ত সমীকরণকে সিদ্ধ করে না। এই মূলসমূহকে অপ্রাসঙ্গিক মূল বলে।

উদাহরণ 3:সমাধান করুন, $\cos\theta + \sin\theta = \sqrt{2}$

সমাধান:প্রথম পদ্ধতি:$\cos\theta + \sin\theta = \sqrt{2}$

উভয় পক্ষকে $\cos\theta$ও$\sin\theta$এর সহগের বর্গের যোগফলের বর্গমূল অর্থাৎ $\sqrt{1^2+1^2} = \sqrt{2}$দ্বারা ভাগ করে পাওয়া যায়-

$\frac{1}{\sqrt{2}}\cos\theta + \frac{1}{\sqrt{2}}\sin\theta = 1$বা, $\cos\frac{\pi}{4}\cos\theta + \sin\frac{\pi}{4}\sin\theta = 1$

বা, $\cos\left(\theta - \frac{\pi}{4}\right) = 1 = \cos 0$

$\therefore\ \left(\theta - \frac{\pi}{4}\right) = 2n\pi \pm 0 \Rightarrow \theta = 2n\pi + \frac{\pi}{4}$

দ্বিতীয় পদ্ধতি:উভয় পক্ষকে$\cos\theta$ও $\sin\theta$এর সহগের বর্গের যোগফলের বর্গমূল দ্বারা ভাগকরে,

$\frac{1}{\sqrt{2}}\cos\theta+\frac{1}{\sqrt{2}}\sin\theta=1$ বা, $\sin\frac{\pi}{4}\cos\theta+\cos\frac{\pi}{4}\sin\theta=1$

বা, $\sin\left(\frac{\pi}{4}+\theta\right)=1=\sin\frac{\pi}{2}$

$\therefore\left(\frac{\pi}{4}+\theta\right)=m\pi+(-1)^m\frac{\pi}{2}$

মনে করুন, mজোড় সংখ্যা এবং$m=2n$

$\therefore\ \frac{\pi}{4}+\theta=2n\pi+(-1)^{2n}\frac{\pi}{2}$

$\therefore\theta=2n\pi+\frac{\pi}{2}-\frac{\pi}{4}\Rightarrow\therefore\theta=2n\pi+\frac{\pi}{4}$

mবিজোড় হলে মনে করুন, $m=2n+1$

$\therefore\ \frac{\pi}{4}+\theta=(2n+1)\pi+(-1)^{2n+1}\frac{\pi}{2}=2n\pi+\pi-\frac{\pi}{2}$

$\therefore\theta=2n\pi+\pi-\frac{\pi}{2}-\frac{\pi}{4}$

$\therefore\ \theta=2n\pi+\frac{\pi}{4}$

অর্থাৎ$\theta=2n\pi+\frac{\pi}{4}$, যখন$n$এর মান শূন্য অথবা যেকোনো অখন্ড সংখ্যা(ধনাত্মক বা ঋণাত্মক)।

তৃতীয় পদ্ধতিঃ $\cos\theta+\sin\theta=\sqrt{2}$বা, $\sin\theta=\sqrt{2}-\cos\theta$

বা, $\sin^2\theta=\left(\sqrt{2}-\cos\theta\right)^2$ বা, $\sin^2\theta=2-2\sqrt{2}\cos\theta+\cos^2\theta$

বা, $1-\cos^2\theta=2-2\sqrt{2}\cos\theta+\cos^2\theta$বা, $2\cos^2\theta-2\sqrt{2}\cos\theta+1=0$

বা,$\left(\sqrt{2}\cos\theta-1\right)^2=0$বা,$\sqrt{2}\cos\theta-1=0$

$\therefore\ \cos\theta=\frac{1}{\sqrt{2}}=\cos\frac{\pi}{4}$

$\therefore\ \theta=2n\pi\pm\frac{\pi}{4}$

কিন্তু$\theta=2n\pi-\frac{\pi}{4}$ দ্বারা সমীকরণটি সিদ্ধ হয় না।

$\therefore$ নির্ণেয় সমাধান$\theta=2n\pi+\frac{\pi}{4}$

লক্ষণীয়ঃ তৃতীয় পদ্ধতিতে সমাধান করলে শুদ্ধ সমাধান$2n\pi+\frac{\pi}{4}$ ছাড়াও আরও একটি অপ্রাসঙ্গিক মূল$2n\pi-\frac{\pi}{4}$ পাওয়া যায়, যা সমীকরণটিকে সিদ্ধ করে না। সমীকরণটিকে বর্গ করার ফলে এই সমস্যার সৃষ্টি হয়েছে। উভয় পক্ষকে বর্গ করার ফলে নির্দিষ্ট সমীকরণের$\cos\theta-\sin\theta=\sqrt{2}$সমীকরণটি অন্তর্ভুক্ত হয় এবং প্রকৃত পক্ষে$2n\pi+\frac{\pi}{4}$ মূলটি উক্ত সমীকরণটির সমাধান।

উদাহরণ 4:সমাধান করুন,$\sin\theta+\cos\theta=\sqrt{2\sin2\theta}$

সমাধানঃ $\sin\theta+\cos\theta=\sqrt{2\sin2\theta}$ বা, $\left(\sqrt{\sin\theta}\right)^2+\left(\sqrt{\cos\theta}\right)^2=\sqrt{2.2\sin\theta\cos\theta}$

বা, $\left(\sqrt{\sin\theta}\right)^2+\left(\sqrt{\cos\theta}\right)^2-2\sqrt{\sin\theta}\sqrt{\cos\theta}=0$

বা, $\left(\sqrt{\sin\theta}-\sqrt{\cos\theta}\right)^2=0$ বা, $\sqrt{\sin\theta}-\sqrt{\cos\theta}=0$

বা, $\sqrt{\sin\theta}=\sqrt{\cos\theta}$ বা, $\sin\theta=\cos\theta$

বা, $\frac{\sin\theta}{\cos\theta}=1$ বা, $\tan\theta=1=\tan\frac{\pi}{4}$

$\therefore\ \theta=k\pi+\frac{\pi}{4}$

কিন্তু k এর মান বিজোড় হলে সমীকরণটি সিদ্ধ হয় না।

সুতরাং নির্ণেয় সমাধান $\theta=k\pi+\frac{\pi}{4}$ যখন k এর মান শুন্য অথবা k জোড় সংখ্যা।

$\therefore\ \theta=2n\pi+\frac{\pi}{4}$

উদাহরণ 5: সমাধান করুন, $\operatorname{cosec}\theta+\sec\theta=2\sqrt{2}$

সমাধান: $\operatorname{cosec}\theta+\sec\theta=2\sqrt{2}$ বা, $\frac{1}{\sin\theta}+\frac{1}{\cos\theta}=2\sqrt{2}$

বা, $\cos\theta+\sin\theta=2\sqrt{2}\ \sin\theta\cos\theta$ বা, $\frac{1}{\sqrt{2}}\cos\theta+\frac{1}{\sqrt{2}}\sin\theta=2\sin\theta\cos\theta$

বা, $\sin\frac{\pi}{4}\cos\theta+\cos\frac{\pi}{4}\sin\theta=\sin2\theta$

বা, $\sin\left(\frac{\pi}{4}+\theta\right)=\sin2\theta$

$\therefore\ \frac{\pi}{4}+\theta=k\pi+(-1)^k2\theta$

যখন k জোড়, মনে করুন, $k=2m$

$\therefore\frac{\pi}{4}+\theta=2m\pi+(-1)^{2m}.2\theta=2m\pi+2\theta$

$\therefore\theta=-2m\pi+\frac{\pi}{4}=2n\pi+\frac{\pi}{4}=(8n+1)\frac{\pi}{4}$ [$m=-n$ বসিয়ে]

যখন k বিজোড়, মনে করুন, $k=2m+1$

$\therefore\theta+\frac{\pi}{4}=(2m+1)\pi-2\theta$

বা, $3\theta=2m\pi+\pi-\frac{\pi}{4}=2m\pi+\frac{3\pi}{4}=(8m+3)\frac{\pi}{4}$

$\therefore\ \theta=(8m+3)\frac{\pi}{12}$ [$m=n$ বসিয়ে]

উদাহরণ 6: সমাধান করুন, $\sin x+\sin2x+\sin3x=0$

সমাধান: $\sin x+\sin2x+\sin3x=0$ বা, $(\sin x+\sin3x)+\sin2x=0$

বা, $2\sin2x\cos x+\sin2x=0$ বা, $\sin2x\,(2\cos x+1)=0$

হয়, $\sin2x=0$ $\therefore\ 2x=n\pi\Rightarrow x=\frac{n\pi}{2}$

নাহয়, $2\cos x+1=0$ বা, $\cos x=-\frac{1}{2}=\cos\frac{2\pi}{3}$

$\therefore\ x = 2n\pi \pm \frac{2\pi}{3}$

অতএব, $x = \frac{n\pi}{2},\ 2n\pi \pm \frac{2\pi}{3}$

উদাহরণ 7: সমাধান করুন, $\sin^2 2\theta - \sin^2\theta = \frac{1}{3}\sin 3\theta$

সমাধানঃ $\sin^2 2\theta - \sin^2\theta = \frac{1}{3}\sin 3\theta$

বা, $(2\sin\theta\cos\theta)^2 - \sin^2\theta = \frac{1}{3}(3\sin\theta - 4\sin^3\theta)$

বা, $4\sin^2\theta\cos^2\theta - \sin^2\theta = \sin\theta - \frac{4}{3}\sin^3\theta$

বা, $4\sin^2\theta(1 - \sin^2\theta) - \sin^2\theta - \sin\theta + \frac{4}{3}\sin^3\theta = 0$

বা, $4\sin^2\theta - 4\sin^4\theta - \sin^2\theta - \sin\theta + \frac{4}{3}\sin^3\theta = 0$

বা, $3\sin^2\theta - 4\sin^4\theta - \sin\theta + \frac{4}{3}\sin^3\theta = 0$

বা, $3\sin^2\theta\ (1 - \frac{4}{3}\sin^2\theta) - \sin\theta\ (1 - \frac{4}{3}\sin^2\theta) = 0$

বা, $(3\sin^2\theta - \sin\theta)\ (1 - \frac{4}{3}\sin^2\theta) = 0$

বা, $\sin\theta(3\sin\theta - 1)\ (1 - \frac{4}{3}\sin^2\theta) = 0$

যখন $\sin\theta = 0$ তখন $\theta = n\pi$

যখন $3\sin\theta - 1 = 0$ তখন $3\sin\theta = 1$

বা, $\sin\theta = \frac{1}{3} = \sin\alpha$, যেখানে $\sin\alpha = \frac{1}{3}$

$\therefore\ \theta = n\pi + (-1)^n\alpha$

আবার, যখন $1 - \frac{4}{3}\sin^2\theta = 0$ বা, $\frac{4}{3}\sin^2\theta = 1$ বা, $\sin^2\theta = \frac{3}{4}$

$\therefore\ \sin\theta = \pm\frac{\sqrt{3}}{2} = \sin\left(\pm\frac{\pi}{3}\right)$

$\therefore\ \theta = n\pi + (-1)^n\left(\pm\frac{\pi}{3}\right)$

অতএব, $\theta = n\pi,\ n\pi + (-1)^n\alpha$ যখন $\sin\alpha = \frac{1}{3},\ n\pi + (-1)^n\left(\pm\frac{\pi}{3}\right)$

উদাহরণ 8: সমাধান করুন, $\sin\theta + \sin 2\theta + \sin 3\theta = 1 + \cos\theta + \cos 2\theta$

সমাধানঃ $\sin\theta + \sin 2\theta + \sin 3\theta = 1 + \cos\theta + \cos 2\theta$

বা, $\sin\theta + \sin 3\theta + \sin 2\theta = \cos\theta + 1 + \cos 2\theta$

বা, $2\sin 2\theta\cos\theta + \sin 2\theta = \cos\theta + 2\cos^2\theta$

বা, $2.2\sin\theta\cos\theta\cos\theta + 2\sin\theta\cos\theta - \cos\theta - 2\cos^2\theta = 0$

বা, $4\sin\theta\cos^2\theta + 2\sin\theta\cos\theta - \cos\theta - 2\cos^2\theta = 0$

বা, $2\cos\theta\sin\theta - \cos\theta + 4\cos^2\theta\sin\theta - 2\cos^2\theta = 0$

বা, $\cos\theta(2\sin\theta-1)+2\cos^2\theta(2\sin\theta-1)=0$

বা, $(2\cos^2\theta+\cos\theta)(2\sin\theta-1)=0$

বা, $\cos\theta(2\cos\theta+1)(2\sin\theta-1)=0$

যখন $\cos\theta=0$ তখন $\theta=(2n+1)\frac{\pi}{2}$

যখন $2\sin\theta-1=0$ তখন $\sin\theta=\frac{1}{2}=\sin\frac{\pi}{6}\Rightarrow\theta=n\pi+(-1)^n\frac{\pi}{6}$

যখন $2\cos\theta+1=0$ তখন $\cos\theta=-\frac{1}{2}=\cos\frac{2\pi}{3}\Rightarrow\theta=2n\pi\pm\frac{\pi}{3}$

অতএব, $\theta=(2n+1)\frac{\pi}{2},\ n\pi+(-1)^n\frac{\pi}{6},\ 2n\pi\pm\frac{\pi}{3}$

উদাহরণ 9: সমাধান করুন, $a\cos\theta+b\sin\theta=c$, যখন a, b, c ধ্রুবক।

সমাধান: মনে করুন, $a=r\cos\alpha$ এবং $b=r\sin\alpha$, যেখানে α একটি ক্ষুদ্রতম ধনাত্মক কোণ এবং r ধনাত্মক।

$\therefore r=\sqrt{a^2+b^2}$, $\cos\alpha=\frac{a}{\sqrt{a^2+b^2}}$ এবং $\sin\alpha=\frac{b}{\sqrt{a^2+b^2}}$

এখন প্রদত্ত সমীকরণে a ও b এর মান বসিয়ে পাওয়া যায়,

$r\cos\alpha\cos\theta+r\sin\alpha\sin\theta=c$

বা, $r(\cos\alpha\cos\theta+\sin\alpha\sin\theta)=c$

বা, $r\cos(\theta-\alpha)=c$

$\therefore \cos(\theta-\alpha)=\frac{c}{r}=\cos\beta$

যেখানে β একটি ক্ষুদ্রতম ধনাত্মক কোণ যার cosine অনুপাত $\frac{c}{r}=\frac{c}{\sqrt{a^2+b^2}}$ অর্থাৎ $\cos\beta=\frac{c}{\sqrt{a^2+b^2}}$

অতএব, $\theta-\alpha=2n\pi\pm\beta \Rightarrow \theta=2n\pi\pm\beta+\alpha$

উদাহরণ 10: সমাধান করুন, $\sin7\theta-\sqrt{3}\cos4\theta=\sin\theta$

সমাধান: $\sin7\theta-\sqrt{3}\cos4\theta=\sin\theta$ বা, $\sin7\theta-\sin\theta-\sqrt{3}\cos4\theta=0$

বা, $2\cos\left(\frac{7\theta+\theta}{2}\right)\sin\left(\frac{7\theta-\theta}{2}\right)-\sqrt{3}\cos4\theta=0$

বা, $2\cos4\theta\sin3\theta-\sqrt{3}\cos4\theta=0$ বা, $\cos4\theta(2\sin3\theta-\sqrt{3})=0$

হয়, $\cos4\theta=0\ \therefore\ 4\theta=(2n+1)\frac{\pi}{2}\Rightarrow\theta=(2n+1)\frac{\pi}{8}$

অথবা, $2\sin3\theta-\sqrt{3}=0$ বা, $\sin3\theta=\frac{\sqrt{3}}{2}=\sin\frac{\pi}{3}$

$\therefore\ 3\theta=n\pi+(-1)^n\frac{\pi}{3}\Rightarrow\ \theta=\frac{n\pi}{3}+(-1)^n\frac{\pi}{9}\Rightarrow\theta=\left\{3n+(-1)^n\right\}\frac{\pi}{9}$

উদাহরণ 11: $m\tan\theta+n\sec\theta=p$ সমীকরণের দুইটি মূল α ও β হলে প্রমাণ করুন যে, $\tan(\alpha+\beta)=\frac{2mp}{m^2-n^2}$

সমাধান: প্রদত্ত সমীকরণটি, $m\tan\theta+n\sec\theta=p$

বা, $n\sec\theta=p-m\tan\theta$ বা, $(n\sec\theta)^2=(p-m\tan\theta)^2$

বা, $n^2(1+\tan^2\theta)=p^2-2mp\tan\theta+m^2\tan\theta^2$

বা, $(m^2-n^2)\tan^2\theta-2mp\tan\theta+(p^2-m^2)=0$ ---------- (i)

(i) হল $\tan\theta$ এর একটি দ্বিঘাত সমীকরণ। যেহেতু শর্তানুসারে α ও β প্রদত্ত সমীকরণের দুইটি মূল, সুতরাং, $\tan\alpha$ ও $\tan\beta$ এ সমীকরণের দুইটি মূল।

$\therefore \tan\alpha + \tan\beta = \frac{2mp}{m^2-n^2}$ এবং $\therefore \tan\alpha\tan\beta = \frac{p^2-n^2}{m^2-n^2}$

এখন, $\tan(\alpha+\beta) = \frac{\tan\alpha+\tan\beta}{1-\tan\alpha\tan\beta} = \frac{\frac{2mp}{m^2-n^2}}{1-\frac{p^2-n^2}{m^2-n^2}} = \frac{2mp}{m^2-p^2}$

সারসংক্ষেপ

- $\sin\theta = r = \sin\alpha$, হলে $\theta = n\pi + (-1)^n\alpha$,যেখানে$n$-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।
- $\cos\theta = r = \cos\alpha$,হলে $\theta = 2n\pi \pm \alpha$, যেখানে$n$-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা (ধনাত্মক বা ঋণাত্মক)।
- $\tan\theta = r = \tan\alpha$, হলে $\theta = n\pi + \alpha$, যেখানেn-এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা।

পাঠোত্তর মূল্যায়ন ৬.৬

সমাধান করুন:

1. $\tan^3 - \sec^2\theta = 4\tan^2\theta - 5\tan\theta$
2. $\cot 2\theta = \cos\theta + \sin\theta$
3. $5\sin^2 x + \cos^2 x = 4$
4. $\sec^2\theta + \tan^2\theta = 3\tan\theta$
5. $\frac{\cos\theta}{1+\sin\theta} + \tan\theta = 2$
6. $\sin x + \sqrt{3}\cos x = \sqrt{2}$
7. $\tan\theta + \tan 2\theta + \tan 3\theta = 0$
8. $2\sin\theta\tan\theta + 1 = \tan\theta + 2\sin\theta$

পাঠ ৬.৭ কয়েকটি বিশেষ ক্ষেত্রে ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- $\sin\theta = \pm 1$ হলে সমীকরণের সমাধান নির্ণয় করতে পারবেন,
- $\cos\theta = \pm 1$ হলে সমীকরণের সমাধান নির্ণয় করতে পারবেন।

মুখ্য শব্দ	অনুপাত

মূলপাঠ

sine অথবা cosine অনুপাতের মান 1 বা –1 এর সমান হলে, সেই সমীকরণ সমাধান করে অজানা কোণের জন্য যে মানসমূহ পাওয়া যায় তাদেরকে একটি আলাদা ধরনের রাশির সাহায্যে প্রকাশ করা যায়। নিম্নে এই ধরনের চারটি দৃষ্টান্তের আলোচনা করা হলো।

(i) মনে করুন, $\sin\theta = 1$ তাহলে, $\sin\theta = \sin\frac{\pi}{2}$

$\therefore\ \theta = m\pi + (-1)^m \frac{\pi}{2}$, যখন m এর মান শূন্য, অথবা একটি অখন্ড সংখ্যা।

যদি m এর মান জোড় হয়, অর্থাৎ $m = 2n$ (n একটি অখন্ড সংখ্যা) হয়, তাহলে,

$$\theta = 2n\pi + \frac{\pi}{2} = (4n+1)\frac{\pi}{2}$$

যদি m এর মান বিজোড় হয়, অর্থাৎ $m = 2n+1$ (n একটি অখন্ড সংখ্যা) হয়, তাহলে,

$$\theta = (2n+1)\pi - \frac{\pi}{2} = 2n\pi + \pi - \frac{\pi}{2} = 2n\pi + \frac{\pi}{2} = (4n+1)\frac{\pi}{2}$$

সুতরাং $\sin\theta = 1$ হলে $\theta = (4n+1)\frac{\pi}{2}$, যখন n এর মান শূন্য, অথবা যে কোন অখন্ড সংখ্যা।

(ii) মনে করুন, $\sin\theta = -1$

তাহলে, $\sin\theta = -\sin\frac{\pi}{2} = \sin\left(-\frac{\pi}{2}\right)$

$\therefore\ \theta = m\pi + (-1)^m.\left(-\frac{\pi}{2}\right)$, যখন m এর মান শূন্য, অথবা যে কোন অখন্ড সংখ্যা।

যদি m এর মান জোড় হয়. অর্থাৎ $m = 2n$ (n একটি অখন্ড সংখ্যা) হয়, তাহলে,

$$\theta = 2n\pi - \frac{\pi}{2} = (4n-1)\frac{\pi}{2}$$

যদি m এর মান বিজোড় হয়, অর্থাৎ $m = 2n-1$ (n একটি অখন্ড সংখ্যা) হয়, তাহলে

$$\theta = (2n-1)\pi - \left(-\frac{\pi}{2}\right) = 2n\pi - \pi + \frac{\pi}{2} = 2n\pi - \frac{\pi}{2} = (4n-1)\frac{\pi}{2}.$$

সুতরাং, $\sin\theta = -1$ হলে, $\theta = (4n-1)\frac{\pi}{2}$, যখন n এর মান শূন্য অথবা যে কোন অখন্ড সংখ্যা।

অনুরূপভাবে সহজেই দেখানো যায়,

(iii) যদি $\cos\theta = 1$ হয়, তবে $\theta = 2n\pi$;

(iv) যদি $\cos\theta = -1$ হয়, তবে $\theta = (2n+1)\pi$.

উদাহরণ1: সমাধান করুন, $\cos\theta + \sin\theta + \sqrt{2} = 0$

সমাধান: $\cos\theta + \sin\theta + \sqrt{2} = 0$ বা, $\cos\theta + \sin\theta = -\sqrt{2}$

বা, $\frac{1}{\sqrt{2}}\cos\theta + \frac{1}{\sqrt{2}}\sin\theta = -1$ বা, $\cos\theta\cos\frac{\pi}{4} + \sin\theta\sin\frac{\pi}{4} = -1$

বা, $\cos\left(\theta - \frac{\pi}{4}\right) = -1$

$\therefore\ \theta - \frac{\pi}{4} = (2n+1)\pi \Rightarrow \theta = (2n+1)\pi + \frac{\pi}{4}$

বা, $\theta = 2n\pi + \pi + \frac{\pi}{4} = 2n\pi + \frac{5\pi}{4} \Rightarrow \theta = (8n+5)\frac{\pi}{4}$

উদাহরণ 2: সমাধান করুন, $\sin\theta - 2 = \cos 2\theta$

সমাধান: $\sin\theta - 2 = \cos 2\theta$

বা, $\sin\theta - 2 = 1 - 2\sin^2\theta$ বা, $2\sin^2\theta + \sin\theta - 3 = 0$

বা, $2\sin^2\theta - 2\sin\theta + 3\sin\theta - 3 = 0$ বা, $2\sin\theta(\sin\theta - 1) + 3(\sin\theta - 1) = 0$

বা, $(\sin\theta - 1)(2\sin\theta + 3) = 0$

কিন্তু $2\sin\theta + 3 \neq 0$, কারণ $\sin\theta$ এর সংখ্যামূলক মান 1 অপেক্ষা বৃহত্তর হতে পারে না।

$\therefore \sin\theta - 1 = 0$ বা, $\sin\theta = 1$

$\therefore \theta = (4n + 1)\frac{\pi}{2}$

সারসংক্ষেপ

- $\sin\theta = 1$ হলে $\theta = (4n + 1)\frac{\pi}{2}$, যখন n এর মান শূন্য, অথবা যে কোন অখন্ড সংখ্যা।
- $\sin\theta = -1$ হলে, $\theta = (4n - 1)\frac{\pi}{2}$, যখন n এর মান শূন্য, অথবা যে কোন অখন্ড সংখ্যা।
- যদি $\cos\theta = 1$ হয়, তবে $\theta = 2n\pi$, যখন n এর মান শূন্য, অথবা যে কোন অখন্ড সংখ্যা।
- যদি $\cos\theta = -1$ হয়, তবে $\theta = (2n + 1)\pi$, যখন n এর মান শূন্য, অথবা যে কোন অখন্ড সংখ্যা।

পাঠোত্তর মূল্যায়ন ৬.৭

সমাধান করুন:

1. $\tan\theta + \cot\theta = 2$
2. $\cot x - \tan x = 2$
3. $\sqrt{3}\cos\theta - \sin\theta = 2$
4. $\sin 2x \tan x + 1 = \sin 2x + \tan x$

পাঠ ৬.৮ নির্দিষ্ট ব্যবধিতে ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- কোনো নির্দিষ্ট ব্যবধিতে ত্রিকোণমিতিক সমীকরণের সমাধানকরতে পারবেন।

মুখ্য শব্দ	ব্যবধি, সমাধান নির্ণয়

মূলপাঠ

পূর্ববর্তী পাঠগুলোতে ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান অর্থাৎ অজানা কোণের জন্য প্রাপ্ত সমস্ত মান একটি রাশির সাহায্যে প্রকাশ করা হয়েছিল। বর্তমানে পাঠে নির্দিষ্ট ব্যবধিতে ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান অর্থাৎ নির্দিষ্ট ব্যবধির মধ্যে প্রাপ্ত কোণের মানসমূহ কিভাবে নির্ণয় করা হয় তা আলোচনা করা হবে।

উদাহরণ 1: সমাধান করুন, $\cos\theta + \cos 3\theta + \cos 5\theta + \cos 7\theta = 0$ যখন $0 < \theta < \pi$

সমাধান: $\cos\theta + \cos 3\theta + \cos 5\theta + \cos 7\theta = 0$

বা, $(\cos 7\theta + \cos\theta) + (\cos 5\theta + \cos 3\theta) = 0$

বা, $2\cos4\theta\cos3\theta + 2\cos4\theta\cos\theta = 0$বা, $2\cos4\theta(\cos3\theta + \cos\theta) = 0$

বা, $2\cos4\theta.\ 2\cos2\theta\cos\theta = 0$বা, $4\cos4\theta\ \cos2\theta\ \cos\theta = 0$

$\cos4\theta = 0 \Rightarrow 4\theta = (2n+1)\frac{\pi}{2} \Rightarrow \theta = (2n+1)\frac{\pi}{8}$

$\cos2\theta = 0 \Rightarrow 2\theta = (2n+1)\frac{\pi}{2} \Rightarrow \theta = (2n+1)\frac{\pi}{4}$

এবং $\cos\theta = 0 \Rightarrow \theta = (2n+1)\frac{\pi}{2}$

যেখানে $n = 0, 1, 2, 3, ...$

যখন $n = 0$, তখন $\theta = \frac{\pi}{8}, \frac{\pi}{4}, \frac{\pi}{2}$

যখন $n = 1$, তখন $\theta = \frac{3\pi}{8}, \frac{3\pi}{4}, \frac{3\pi}{2}$

যখন $n = 2$, তখন $\theta = \frac{5\pi}{8}, \frac{5\pi}{4}, \frac{5\pi}{2}$

যখন $n = 3$, তখন $\theta = \frac{7\pi}{8}, \frac{7\pi}{4}, \frac{7\pi}{2}$

কিন্তু $0 < \theta < \pi$

$\therefore\ \theta = \frac{\pi}{8}, \frac{3\pi}{8}, \frac{5\pi}{8}, \frac{7\pi}{8}, \frac{\pi}{4}, \frac{3\pi}{4}$ এবং $\frac{\pi}{2}$

উদাহরণ 2:সমাধান করুন,$2\sin x \sin3x = 1$ যখন $0<x<2\pi$

সমাধান:$2\sin x \sin3x = 1$বা, $\cos(3x - x) - \cos(3x + x) = 1$

বা, $\cos2x - \cos4x = 1$ বা, $\cos2x - (1 + \cos4x) = 0$

বা, $\cos2x - 2\cos^2 2x = 0$বা, $\cos2x\ (1 - 2\cos2x) = 0$

এখন $\cos2x = 0$ হলে$2x = (2n+1)\frac{\pi}{2}$

$\therefore\ x = (2n+1)\frac{\pi}{4}$

যখন $1 - 2\cos2x = 0$বা, $\cos2x = \frac{1}{2} = \cos\frac{\pi}{3}$

